

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইসিটি সেল

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ২০১৮-২০১৯ অর্থ বছরে অনুষ্ঠিত ১০ম উদ্ভাবনী সভার কার্যবিবরণী


সভাপতি	সাকিউন নাহার বেগম এনডিসি অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	২৩ জুন ২০১৯
সভার সময়	বেলা ৩.০০টা
স্থান	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। সভাপতি মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০১৮-২০১৯ অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার অগ্রগতি পর্যালোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, এ মন্ত্রণালয় এবং দপ্তরসমূহের "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯"-এর বার্ষিক স্ব মূল্যায়ন ১৫-০৭-২০১৯ তারিখের মধ্যে প্রস্তুত করে ২০-০৭-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং গত ২৭ মে ২০১৯ তারিখে মন্ত্রণালয় সভাকক্ষে আয়োজিত ইনোভেশন শোকেসিং-এ প্রদর্শিত ১৫ টি উদ্ভাবনী ধারণা হতে কমপক্ষে ৩ টি আইডিয়াকে রেল্লিকেশনযোগ্য আইডিয়া হিসাবে নির্বাচন করতে হবে। অধিকন্তু, "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০" আগামী ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে প্রণয়ন করে ০৪-০৭-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়াও, সভায় মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার তথ্য বাতায়ন নিয়মিতভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯"-এর মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে আগামী ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিম
২.২	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০" প্রণয়ন করে আগামী ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিম
২.৩	"বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০" যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি দপ্তরে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিম
২.৪	প্রতিটি দপ্তরের ইনোভেশন টিম স্ব স্ব দপ্তরের তথ্যবাতায়ন পরিবীক্ষন করে ১৫ জুলাই ২০১৯ তারিখের মধ্যে প্রয়োজনীয় হালনাগাদ করবে।	মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিম

২.৫	তথ্যবাতায়ন হালনাগাদ করার নিমিত্ত কারিগরি সহায়তার প্রয়োজন হলে মন্ত্রণালয়ের প্রোগ্রামার জনাব মোঃ আরিফুল ইসলাম-এর সাথে যোগাযোগ করতে হবে।	জনাব মোঃ আরিফুল ইসলাম, প্রোগ্রামার এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিম
২.৬	গত ২৭ মে ২০১৯ তারিখে মন্ত্রণালয় সভাকক্ষে আয়োজিত ইনোভেশন শোকেসিং-এ প্রদর্শিত ১৫ টি উদ্ভাবনী ধারণা হতে Inventory and Requisition Management System, Personal Information Management System, ABC- Awareness Buildup Campaign এবং Labour Inspection Management Application (LIMA)-কে রেল্লিকেশনযোগ্য আইডিয়া হিসাবে নির্বাচন করা হল। পরবর্তী অর্থ বছরে উক্ত ০৪ (চার)টি উদ্ভাবনী ধারণাকে রেল্লিকেশন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	এ মন্ত্রণালয়, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর ইনোভেশন টিম

৩। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সাকিউন নাহার বেগম এনডিসি
অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৬.৩২.০০৬.১৭.২২৯

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৬

২৫ জুন ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
- ৩) চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড
- ৪) চেয়ারম্যান, শ্রম আপীল ট্রাইব্যুনাল
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
- ৬) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কেন্দ্রীয় তহবিল
- ৭) উপ-সচিব, রপ্তানীমুখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৮) সচিব মহোদয়ের একান্ত সচিব (উপসচিব), সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১১) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১২) অফিস কপি/ গার্ড ফাইল



মোঃ আরিফুল ইসলাম
প্রোগ্রামার